

ভারতীয় দর্শন ঃ আন্তিক সম্প্রদায়

ভারতীয় দর্শন

ভারতবর্ষে প্রাচীন, মধ্য ও আধুনিক যুগে বিভিন্ন ধর্ম ও সম্প্রদায়ের চিন্তাশীল ব্যক্তিগণ দার্শনিক সমস্যা সমন্ধে যে বিভিন্নমুখী চিন্তা করেছেন, তাঁদের চিন্তাধারার সমষ্টিই হল ভারতীয় দর্শন ।

ভারতীয় দর্শন বলতে ভারতবর্ষের সমগ্র তত্ত্বচিন্তাকেই বুঝায় ।

ভারতীয় দর্শনের বৈশিষ্ট্য

- ভারতীয় দর্শন প্রারম্ভে দুঃখবাদী হলেও পরিনামে সুখবাদী ।
- ব্যবহারিক প্রয়োজনবোধ
- বেদের আলোচনা (বেদের প্রামাণ্য স্বীকার অথবা অস্বীকার)
- আধ্যাত্মিকতা
- ভারতবর্ষে দর্শনশাস্ত্র স্বতন্ত্ররূপে প্রতিষ্ঠিত । অন্য শাস্ত্রের সহায়ক রূপে নয় ।
- ভারতীয় দর্শন উদার ও ব্যাপক
- ভিন্ন মতবাদের সম্যক ব্যাখ্যা ও তাকে খন্ডনের প্রচেষ্টা (পূর্বপক্ষ) এর পর নিজের মত ব্যক্ত করা (উত্তর পক্ষ)

ভারতীয় দর্শনের বৈশিষ্ট্য

- তত্ত্ব ও প্রয়োগের উপর সমমূল্য আরোপ
- ভারতীয় দর্শন সংশ্লেষণাত্মক। অর্থাৎ যে কোন দার্শনিক সমস্যাকে তত্ত্বশাস্ত্র, নীতিশাস্ত্র, তর্কশাস্ত্র প্রভৃতির সকল সম্ভাব্য দিক হতে আলোচনা করা হয়।
- ভারতীয় দর্শন পৃথিবীর প্রাচীনতম দর্শনগুলোর মধ্যে অন্যতম
- ভারতীয় দর্শন পৃথিবীর অন্যান্য দর্শন ও ধর্মের উপর প্রভাব বিস্তার করেছে।

ভারতীয় দর্শনের বৈশিষ্ট্য

- কর্মবাদ (চার্বাক দর্শন বাদে সব দর্শনই কর্মবাদে বিশ্বাসী)
এই কর্মবাদের উপরেই জন্মান্তরবাদ প্রতিষ্ঠিত।
- ভারতীয় দর্শনে আত্মা
- ভারতীয় দর্শনে পরমার্থ (কাম্যবস্তু) চারটি। ধর্ম, অর্থ, কাম ও মোক্ষ
- পরমার্থ লাভের বিভিন্ন পথ-কর্ম, জ্ঞান ও ভক্তি

বাড়ীর কাজ

ভারতীয় দর্শনের বৈশিষ্ট্যসমূহ লিখ।